যখন তোমাদের কেউ তার পরিবারের নিকট আসে তারপর যখন পুণরায় তার কাছে যেতে চায় সে যেন মাঝখানে একবার অযু করে নেয়।

সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যখন তোমাদের কেউ তার পরিবারের নিকট আসে তারপর যখন পুণরায় তার নিকট যেতে চায় সে যেন মাঝখানে একবার অযু করে নেয়। হাকেমের বর্ণনায় এসছে: “কারণ, তা পুণরায় ফিরে আসার জন্য সহায়ক।”
[সহীহ] [এটি হাকিম বর্ণনা করেছেন। - এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যে ব্যক্তি তার স্ত্রীর সাথে দ্বিতীয়বার সহবাস করার ইচ্ছা করে তার ক্ষেত্রে নববী আদর্শের বর্ণনার জন্য হাদীসটি তুলে ধরা হলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যখন তোমাদের কেউ তার পরিবারের নিকট আসে তারপর যখন পুণরায় তার কাছে যেতে চায়” অর্থাৎ যখন কোনো ব্যক্তি তার পরিবারের সাথে একবার সহবাস করে, অতঃপর দ্বিতীয় বা তৃতীয়বার সহবাস পুনরাবৃত্তি করার ইচ্ছা করে, তার জন্য রাসূলের কথার মধ্যে নববী আদর্শের দিকনির্দেশনা পাওয়া যায় “তখন সে যেন মাঝখানে একবার অযু করে নেয়।” অর্থাৎ প্রথম সহবাসের পরে এবং দ্বিতীয় সহবাসের পূর্বে। আর এখানে অযু দ্বারা উদ্দেশ্য সালাতের অযু। কারণ, যখন অযু শব্দ ব্যবহার করা হয়, তখন মূলনীতি হলো, তার দ্বারা উদ্দেশ্য শর‘ঈ অযু। ইবন খুযাইমাহ ও বায়হাকী-এর বর্ণনায় বিষয়টি স্পষ্টভাবে বর্ণিত হয়েছে। তাতে রয়েছে: “তুমি সালাতের মতো অযু করে নাও।” এ অযু মুস্তাহাব।

http://sunnah.global/hadeeth/bn/show/10033